

2017/SEM/EVEN/BNGH-202/178

স্নাতক যুগ্ম বাৎসরিক পরীক্ষা, ২০১৭

বাংলা

(সাম্মানিক)

(দ্বিতীয় বাৎসরিক)


পাঠক্রম নং : BNGH-202

(আধুনিক বাংলা কাব্য)

পূর্ণমান : ৫০

উত্তীর্ণমান : ১৭

সময় : ২ ঘণ্টা



পাশ্চাত্ত সংখ্যা পূর্ণমান নির্দেশক

- ১। (ক) 'মেঘনাদবধ কাব্য'-এ মোট কয়টি সর্গ রয়েছে? প্রথম সর্গটির নাম কী? কাব্যটির প্রথম ও নবম সর্গ অবলম্বনে রাবণ চরিত্রটি বিশ্লেষণ করো।

১+১+১২=১৪

অথবা

- (খ) 'মেঘনাদবধ কাব্য'-এর প্রথম ও শেষ সর্গের নাম উল্লেখ করো। "এই কাব্যের বাহিরের গঠনে আছে বিদেশীয় আদর্শ, অন্তরে আছে কৃত্তিবাসী বাঙালী কল্পনার সাহায্যে মিলটন-হোমার প্রতিভার অতিথি সংকার।" তোমার পাঠ্য সর্গ অবলম্বনে মন্তব্যটি বিশদ করো।

১+১+১২=১৪

- ২। (ক) 'বর্ষশেষ' কবিতাটি প্রথম কোন্ পত্রিকায়, কত সালে প্রকাশিত হয়? " 'বর্ষশেষ'-এর ঝড় আসলে কবির অন্তর্জীবনের ঝড়। এর আহ্বান শক্তির আবাহন—'ছোট আমি' থেকে 'বড় আমি'তে উত্তরণ—ক্ষুদ্রতা থেকে বৃহত্তের পথে—সংকীর্ণতা থেকে ভূমার উদ্দেশ্যে তীর্থযাত্রা।" 'বর্ষশেষ' কবিতা অবলম্বনে মন্তব্যটি বিশদ করো।

(১+১)+১২=১৪

অথবা

- (খ) 'বর্ষামঙ্গল' কবিতায় উল্লিখিত কয়েকটি বাদ্যযন্ত্রের নাম লেখো। " 'রবীন্দ্রনাথ তাঁর 'বর্ষামঙ্গল' কবিতায় বর্ষা-প্রকৃতির সঙ্গে মানব মনের এক অনুপম মাধুরী উন্মোচন করেছেন।" এই মন্তব্যের আলোকে 'বর্ষামঙ্গল' কবিতার রূপসৌন্দর্য ও ভাবসৌন্দর্য বিশ্লেষণ করো।

২+১২=১৪

- ৩। (ক) 'উটপাখি' কবিতাটি সুধীন্দ্রনাথ দত্তের কোন্ কাব্যের অন্তর্গত? কাব্যটি কবি কাকে উৎসর্গ করেছেন? "আধুনিক যুগের বন্ধ্যাত্ম এলিয়টের হাতে 'cactus land'-এ রূপান্তরিত হয়েছে। সুধীন্দ্রনাথ দত্তের হাতে তা রূপায়িত হয়েছে ফলহীন কাঁটায়ুক্ত ফণীমনসা গাছে। এলিয়টের 'পোড়োজমি' সুধীন্দ্রনাথ দত্তের হাতে হয়ে উঠেছে মরুভূমি।" এই মন্তব্যের আলোকে 'উটপাখি' কবিতার বিষয়বস্তু পর্যালোচনা করো।

১+১+১২=১৪

অথবা

(খ) শক্তি চট্টোপাধ্যায়ের ছদ্মনাম কী ছিল? তাঁর দুটি কাব্যগ্রন্থের নাম লেখো। 'অবনী বাড়ি আছে?' এক বর্ষামুখর রাত্রির কবিতা। কিন্তু কোনো পুরাণ-সংসার অভিসার এখানে নেই। আছে এক সিপায় পণিকের অনুসন্ধান।" কবিতাটি বিশ্লেষণ করে মন্তব্যটির যৌক্তিকতা বিচার করো।

$$1+2+15=18$$

৪। সংক্ষিপ্ত টীকা লেখো/সংক্ষিপ্ত উত্তর দাও (যে কোনো দুটি) :

$$8 \times 2 = 16$$

(ক) “হেনকালে হাতে দীপশিখা
ধীরে ধীরে নামি এলো মোর মালবিকা।”

উদ্ধৃতাংশটির সাপেক্ষে মালবিকার রূপসৌন্দর্যের বর্ণনা দাও।

(খ) 'দুঃসময়' কবিতার রূপকার্থ

(গ) প্রমীলা

(ঘ) আধুনিক কবিতার বৈশিষ্ট্য

(ঙ) রাবণের রাজসভার বর্ণনা দাও।
